

سُبْحَانَكَ اللَّهُمَّ رَبِّ الْعَالَمِينَ

অনুবাদের কথা

মুমিনমাত্রই আমরা আল্লাহ তাআলার নৈকট্যশীল বান্দাদের অন্তর্ভুক্ত হতে চাই। সেসব আমল করতে চাই, যেসব আমলের মাধ্যমে সহজে তাঁর ভালোবাসা লাভ করা যায়। দয়াময় মহান প্রতিপালক তাঁর পছন্দনীয় বহু আমল এবং আমলকারীদের কথা পবিত্র কুরআনে উল্লেখ করেছেন। তিনি সবরকারীদের ভালোবাসেন, তিনি ইহসানকারীদের ভালোবাসেন, তিনি মুকাতিলদের ভালোবাসেন। তিনি ভালোবাসেন মুজাহিদদের, তাওবাকারীদের, পবিত্রতা অর্জনকারীদের...। হাদিস শরিফেও রাসুলুল্লাহ ﷺ আল্লাহ তাআলার পছন্দনীয় অনেক আমলের কথা আমাদের জানিয়েছেন। আল্লাহর প্রিয় হতে চাইলে এসব আমল করার প্রতি অবশ্যই আমাদের যত্নবান হতে হবে।

প্রিয় পাঠক, বক্ষ্যমাণ গ্রন্থটিতে—যা শাইখ খালিদ আল-হুসাইনান رحمته الله রচিত ‘কাইফা নারতাকি ফি মানাজিলিস সাযিরিনা ইল্লাল্লাহ’ গ্রন্থের বাংলা অনুবাদ—পবিত্র কুরআন ও হাদিস থেকে আহৃত এমনই অনেক আমল সম্পর্কে আলোচনা করা হয়েছে। এতে বিবৃত হয়েছে পুণ্যবানদের বহু অমূল্য বাণী—যা আমাদের হৃদয়কে আল্লাহর স্মরণে বিগলিত করবে। আমাদের অভিमुखী করবে দয়াময়ের দিকে। এর থেকে আমরা জানতে পারব, আখিরাতে উঁচু মর্যাদা লাভের বেশকিছু উপায় সম্পর্কে।

বলে রাখা ভালো, মূল গ্রন্থে যেসব আয়াত ও হাদিসের আলোচনা এসেছে, অনুবাদ গ্রন্থে তা আমরা রেফারেন্সসহ উল্লেখ করেছি। আর সালাফ ও পুণ্যবান ব্যক্তিদের বাণীসমূহ উল্লেখ করেছি মূল গ্রন্থের অনুরূপ উৎসের নাম ব্যতিরেকে।

আল্লাহ তাআলা আমাদের প্রয়াসটুকু কবুল করে নিন। এর দ্বারা পাঠকদের উপকৃত হওয়ার তাওফিক দিন এবং গ্রন্থটি প্রকাশের সাথে সংশ্লিষ্ট সকলকে উত্তম আজর দান করুন (আমিন)।

- হাসান মাসরুর
৩ জুমাদাল উখরা, ১৪৪০ হিজরি।

بِسْمِ اللَّهِ الرَّحْمَنِ الرَّحِيمِ

ভূমিকা

الحمد لله وكفى وسلام على عباده الذين اصطفى

মানুষ নামক প্রাণীটি কঠোর পরিশ্রম করে, হাড়ভাঙা খাটুনি খেটে, এমনকি সামর্থ্যের সবটুকু বিলীন করে দিয়ে এই ক্ষণস্থায়ী পৃথিবীতে সাফল্য ও অগ্রগতির শিখরে আরোহণ করার প্রয়াস পায়। অথচ তুচ্ছ এই পৃথিবীর ভিতই গড়ে উঠেছে নানা বাধা-বিপত্তি, রোগ-শোক ও বালা-মুসিবতের ওপর। মানবজাতির আয়ুষ্কাল কত অল্প! ষাট কি সত্তর বছরের ছোট্ট একটি জীবন। সময়ের এই স্বল্প পুঁজিতে চিরসুখের জান্নাতে মর্যাদার শিখরে আরোহণের জন্য তার বলতে গেলে কিছুই করা হয়ে ওঠে না। অথচ আখিরাতের জীবন অনন্ত অসীম; যার কোনো সমাপ্তি নেই।

- বক্ষ্যমাণ রচনাটি হৃদয়ের গভীর থেকে উৎসারিত কিছু ভাবনা, ইঙ্গিত ও শব্দমালার যোগফল, যা আমি বিচিত্র সব উৎস থেকে সংগ্ৰহ করেছি। আর যা আল্লাহ আমার অন্তরে ঢেলে দিয়েছেন, তাও এতে সংযোজন করে দিয়েছি। যাঁরা আল্লাহর পথের পথিকদের সুউচ্চ মর্যাদায় উন্নীত হতে চায়, এই সংকলনে তাদের জন্য রয়েছে অমূল্য পাথের।
- আমি দাবি করব না যে, আলোচ্য বিষয়ের খুঁটিনাটি সবকিছুই এখানে এসে গেছে। বরং বাস্তব কথা হলো, যা সংকলিত হয়েছে, তার তুলনায় অসংকলিত বিষয়াদির পরিমাণই বেশি। আপাতত যেটুকুর ওপরই নিবিশ্চয় হয়েছে আমার দৃষ্টি আর যা রেখাপাত করেছে আমার অন্তরে; এটুকুই আমি সাজানোর চেষ্টা করেছি কলমের তুলিতে। পুণ্যের শক্তি আর পাপ থেকে মুক্তি—দুটোই আল্লাহর তরফ থেকে। তিনিই সাহায্যকারী, ভরসা কেবল তাঁর ওপরই।